

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৭

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১৭ উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) আগ্রহী সকল তরুণদের কাছ থেকে মৌলিক ও সৃজনশীল কার্টুন আহ্বান করেছে।

বিষয়: দুর্নীতি

বিভাগ: 'ক' বিভাগ: (১৩ - ১৮ বছর) এবং 'খ' বিভাগ: (১৯ - ২৫ বছর)

প্রথম তিনজন বিজয়ীর জন্য ফ্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৫০,০০০, ৪০,০০০ ও ৩০,০০০ টাকা পুরস্কার।

বিশেষ মনোনয়নপ্রাপ্ত মোট ৩০টি কার্টুনের বিজয়ীদের জন্য জনপ্রতি সনদ ও ৩,০০০ টাকার প্রাইজবণ্ড।

অংশগ্রহণের নিয়মাবলী:

- প্রতিযোগিতায় প্রেরিত কার্টুনে প্রতিযোগীর দৃষ্টিতে দুর্নীতির চিত্র এবং/অথবা দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ের প্রতিফলন থাকতে হবে।
- কার্টুনটি ১২x১৬ অথবা ১২x১৮ ইঞ্চি আকারের ল্যান্ডস্কেপ/পোর্ট্রেইট দুইভাবে আঁকা যাবে। নির্দিষ্ট মাপের বাইরে আঁকা কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না।
- যে কোনো মাধ্যমে (পেন্সিল, ক্রেয়ন বা জল রং) আঁকা কার্টুন জমা দেওয়া যাবে এবং সীমিত ক্যাপশন ব্যবহার করা যাবে। **কম্পিউটারে আঁকা কার্টুন গ্রহণযোগ্য নয়।**
- একজন প্রতিযোগী ভাঁজহীন অবস্থায় একাধিক কার্টুন পাঠাতে পারবেন। খামের উপরে 'দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৭' ও 'বিভাগ' উল্লেখ করতে হবে।
- কার্টুনের অপর পাশে পেন্সিলে স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী বাংলা ও ইংরেজিতে প্রতিযোগীর নাম এবং বয়স লিখতে হবে।
- প্রতিযোগীর এক কপি ছবি (পাসপোর্ট সাইজ), বয়সের প্রত্যয়নপত্র (স্কুল কর্তৃপক্ষ প্রদত্ত/জাতীয় পরিচয়পত্র/মাধ্যমিক বা উচ্চ-মাধ্যমিক পরীক্ষার সনদ/পাসপোর্ট), যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর পাঠাতে হবে।
- কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে। কার্টুনটি অন্য কোন প্রতিযোগিতায় জমা দেওয়া হয়নি এবং অন্য কোন কার্টুনের অনুকরণ বা অন্যকে দিয়ে আঁকানো হয়নি- মর্মে প্রত্যেক কার্টুনিষ্টকে একটি অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে। পরবর্তীতে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে পুরস্কার ও মনোনয়ন বাতিল করা হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ফ্রেস্ট ও সনদ ফেরত দিতে হবে।
- প্রতিযোগিতায় টিআইবির মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রতিযোগিতায় জমা দেওয়া সকল কার্টুনের স্বত্ত্ব টিআইবির। টিআইবি এগুলোর সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে।
- টিআইবির কর্মকর্তা ও তাদের নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

কার্টুন জমা দেওয়ার বর্ধিত শেষ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০১৭

ফোন: ৯১২৪৭৮৮, ৯১২৪৭৮৯, ৯১২৪৭৯২
ই-মেইল: advocacy@ti-bangladesh.org
ওয়েবসাইট: www.ti-bangladesh.org
ফেসবুক: www.ti-bangladesh.org/TIBangladesh

কার্টুন জমা দেওয়ার ঠিকানা:

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৭

আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫)

বাড়ি-০৫ সড়ক -১৬ (নতুন), ২৭ (পুরাতন)

ধানমন্ডি, ঢাকা- ১২০৯।